মেহেরপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযান জরিমানা আদায়

মেহেরপুর ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়ে নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি ও বাজারজাত করার অভিযোগে মেহেরপুরের প্রসিদ্ধ গিয়াস মিস্টান্ন ভান্ডার সহ তিনটি মিষ্টির দোকানে অভিযান চালিয়ে ৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।
গতকাল বৃহস্পতিবার বিকালের দিকে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করা হয়। সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন দাশ গুপ্ত’র নেতৃত্বে এবং র্যাবের সহযোগিতায় শহরের গিয়াস মিষ্টান্ন ভান্ডার, মিষ্টি মুখ ও থ্রি ইষ্টার হোটেলে অভিযান পরিচালনা করা হয়। ভ্রাম্যমাণ আদালত জানায়, মেহেরপুর বড় বাজারের গিয়াস মিষ্টান্ন ভান্ডারে অভিযান চালিয়ে দেখা যায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য সামগ্রী তৈরি ও মজুদ করা হয়েছে এবং মিষ্টির ড্রামে কীটপতঙ্গ ও খবরের কগজপত্র পড়ে আছে। ঈদে বিক্রির জন্য রাখা মিষ্টির ড্রাম ঢাকনা বিহীন অবস্থায় রাখা হয়েছে।
থ্রি স্টার হোটেল ও মিষ্টিমুখে অভিযান চালিয়ে দেখা যায় পুরাতন বাসি জিলাপি ও বুদিয়া বিক্রির জন্য ডিসপ্লে করে রেখেছে। এসময় তিন দোকানে ভাক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫৩ ধারায় মোট ৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এসময় র্যাব-৬ এর কর্মকর্তা সহ স্যানিটারি ইন্সপেক্টর তরিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

কালীগঞ্জে গাছের সঙ্গে র্যাবের পিকআপের ধাক্কা, আহত ২

ঝিনাইদহ-যশোর মহাসড়কের কেয়াবাগান নামক স্থানে নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে র্যাব-৬ এর একটি পিটআপের ধাক্কায় দুই জন আহত হয়েছেন।

বৃহস্পতিবার ভোর ৬ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। এ সময় সঞ্জীব ও মিরাজ নামে দুই র্যাব সদস্য আহত হয়েছেন।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, বৃহস্পতিবার ভোরে কালীগঞ্জ উপজেলার কেয়াবাগান এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা খায় র্যাবের একটি পিকআপ।

খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে গুরুত্বর আহত অবস্থায় দুই র্যাব সদস্যকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়।

এদিকে, বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে দুর্ঘটনায় কবলিত গাড়িটি উদ্ধার করে ঝিনাইদহের দিকে নিয়ে যাওয়া হয়েছে।

মেহেরপুরে ০২ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ০২ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

তারা দু’জনই মেহেরপুর সদরের বাসিন্দা। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৯২৬ জনে। ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১৫৬ জন।

বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ১৫ টি রিপোটের মধ্যে ০২ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৭১৫ টি। নমুনা পাঠানো হয়েছে ১২ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ২৫ জন। এর মধ্যে সদরে-১৪, গাংনীতে- ০৬, মুজিবনগরে- ০৫ জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ২০ জনের। সুস্থ হয়েছেন ৮১১ জন। অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৬৭ জনকে।

ভিন্ন ভাবে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর সদরের রাজনগরের কবির

চৌধুরী (৪৭), ওয়াপদা পাড়ার ডা. নার্গিস সুলতানা (৩৬)।

মেহেরপুরে হাটে-বাজারে পাওয়া যাচ্ছে লিচু ক্রেতা শূণ্যে হতাশ ব্যবসায়ীরা

মেহেরপুরের বাজারে মে মাসের শুরুতেই পাওয়া যাচ্ছে দেশি জাতের লিচু। খেতে কিছুটা টক হলেও রঙিন এই লিচু দেখে ক্রেতারাও ভিড় জমাচ্ছেন তবে বিক্রি নেই বললেই চলে।

বৃহস্পতিবার সকালে শহরের পুরাতন বাসষ্ট্যান্ড এলাকায় এই লিচু এনেছেন ব্যবসায়ী আদিপ হোসেন। লিচু এনে বস্তায় থরে থরে সাজিয়ে রেখেছেন তিনি। আদিপ হোসেন বলেন, বাজারে ওঠা প্রথম লিচু হওয়ায় এখন প্রতি ৪০টি লিচুর দাম ১০০-১২০ টাকায় বিক্রি করছি। দেশি জাতের লিচুগুলো একটু টক ও হালকা মিষ্টি। টসটসে মিষ্টি লিচু আসবে কিছু দিন পর। আর কয়েকদিন পর বিভিন্ন উন্নত জাতের লিচু বাজারে পাওয়া যাবে। তখন বিভিন্ন জাতের লিচু উঠলে দামও কিছুটা কমবে। পুরাতন হোটেল এলাকায় লিচু বিক্রি করছেন মনির নামের এক ব্যবসায়ি। তিনি বলেন, বাজারে এখন আটি লিচু সীমিত পরিমাণে বিক্রি হচ্ছে। তবে ক্রেতার সংখ্যা কম। তবে আতা বোম্বাই, বোম্বাই, বেদানা, চায়না, চায়না-৩ কোনটাই এখনো আসেনি। এসব লিচু বেশ সাইজের হয়ে থাকে, প্রচুর রসালো ও খেতে মধুমিষ্টি। তবে আটি লিচুও খেতে মিষ্টি হয়। করোনার কারণে চাষিরা লিচুতে তেমন লাভ করতে পারবে না। লকডাউনে লিচু বিক্রি না হলে ব্যবসায়ীরা ক্ষতির মুখে পড়বেন।

মৌসুমের প্রথম লিচু দেখে ভিড় করা কয়েকজন ক্রেতার মধ্য থেকে মো. সজল বলেন, প্রতি ৪০ লিচু দাম নিচ্ছে ১০০-১২০ টাকা করে। বৃষ্টি না হওয়ার কারণে লিচু মোটা ও মিষ্টি কোনটাই হয়নি।

মেহেরপুর বাজারে আজই প্রথম বিক্রি করতে দেখছি। মৌসুমের প্রথম ফল বাজারে আসায় দামটা একটু বেশি। তবে অন্যান্য জাতের লিচু বাজারে উঠলে দাম কমে যাবে।

শহরের পুরাতন বাসষ্ট্যান্ড এলাকায় লিচুর হাটে বিভিন্ন এলাকা থেকে আসতে শুরু করেছে লিচু। তবে ক্রেতা শূণ্যে হতাশ বাগানের মালিক ও ব্যবসায়ীরা।

হাটে লিচু নিয়ে আসা হিয়াত আলীর সাথে কথা হলে তিনি বলেন, এবারের আবহাওয়া অনুকূলে না থাকায় লিচুর ফলন খুব একটা ভাল হয়নি বৃষ্টি না হওয়ার কারণে লিচু মোটা হয়নি ও এবারের আবহাওয়া অনুকূলে না থাকায় লিচুর ফলন খুব একটা ভাল হয়নি বৃষ্টি না হওয়ার কারণে অধিকাংশ লিচু মোটা হয়নি অধিকাংশ লিচু ঝরে গেছে। এবার লিচুতে অনেককেই লোকসান গুনতে হবে।

মেহেরপুরে পানিতে ডুবে শিশুর মৃত্য

মেহেরপুর মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামে পুকুরের পানিতে ডুবে মায়া খাতুন (৬) নামের শিশুর মৃত্যু হয়েছে। মায়া আমঝুপি গ্রামের জহিরুল ইসলামের মেয়ে।

বৃহস্পতিবার বিকেল ৩টার দিকে বাড়ির পাশের একটি পুকুরের পানিতে ডুবে শিশু মায়ার মৃত্যু হয়। স্থানীয়রা জানান, মায়া খেলার সাথীদের সাথে বাড়ির পাশের একটি পুকুরে গোসল করতে নামে। এক পর্যায়ে অসাবধানবশত সে পানিতে তলিয়ে যায়। এসময় তার সাথীরা বাড়িতে দিলে বাড়ির লোকজন ও প্রতিবেশীরা খোঁজাখুজি করে তার মরদেহ উদ্ধার করেন। মায়া’র মৃত্যতে তার পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

করোনা পরিস্থিতিতে দর্শনা

নূরানী কিণ্ডার গার্টেন মাদরাসায় চলছে শিশুদের পরীক্ষা

কোরনা পরিস্থিতিতে বিশ্বস্থমিত। প্রতিদিনই বাড়ছে মৃত্যুর মিছিল। মানুষকে ঘরে রাখতে সরকার গ্রহণ করেছে নানা উদ্যোগ। সরকারি সকল নির্দেশনা অমান্য করে শুধুমাত্র অর্থ হাতিয়ে নেয়ার উদ্দেশ্যে দর্শনার মোহাম্মদপুরে অবস্থিত নূরাণী কিণ্ডার গার্টেনে অনুষ্টিত হচ্ছে প্রথম সাময়িক পরীক্ষা। কর্তৃপক্ষের নির্দেশে অভিভাবক মহল তাদের শিশুদের নিয়ে উপস্থিত হচ্ছে পরীক্ষা কেন্দ্রে।

জানাগেছে, কোরনা পরিস্থিতিতে সরকার ১৬ মে পর্যন্ত লকডাউন ঘোষনা করেছে। মানুষকে নিরাপদে রাখতেই সরকার এ মহতি উদ্যোগ গ্রহণ করেছে। সররকারি আদেশ নিষেধ অমান্য করে দর্শনা পৌর শহরের মোহাম্মদপুরে অবস্থিত নূরাণী কিণ্ডার গার্টেন মাদরাসায় অনুষ্ঠিত হচ্ছে শিশুদের প্রথম সাময়িক পরীক্ষা। বৃহস্পতিবার সকাল ৯টার দিকে সরেজমিনে খোজনিতে গিয়ে দেখাযায় শিশু শ্রেণীর ছেলে মেয়েদের বাংলা পরীক্ষা অনুষ্টিত হচ্ছে। শিক্ষক এবং শিক্ষাথর্◌ীদের মধ্যে স্বাস্থবিধি মানার কোন বালাই নেই।

আর বাহিরে অপেক্ষা করছে অভিভাবকেরা।নৃরানী কিন্ডারগার্ডেনের প্রধান আঃ মালেক নিজের স্বার্থ হাসিল করার জন্য সকল ছাত্র ছাত্রীদের কাছ থেকে হাতিয়ে নিয়েছে ৩৫০ টাক করে। সরকারি আদেশ অমান্য করে মাদরাসায় পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় এলাকাবাসি হতবাক হয়ে পড়েছে। সূত্র আরও জানিয়েছে, প্রতিষ্ঠনটি কিণ্ডার গার্টেন পর্যায়েরর হলেও কর্তৃপক্ষ কওমি মাদরাসার দোহায় দিয়ে কোরনার মধ্যেও ক্লাস নিয়েছে। এ বিষয়ে নৃরানী কিন্ডার গার্ডেনের পিন্সিপাল আঃ মালেক বলেন আমরা এই প্রথম পরিক্ষা নিচ্ছি অভিভাপকদের কথা শুনেই আমরা পরিক্ষা নিচ্ছি সাংবাদিকদের আসার কারনেই আমরা আজ থেকে পনিক্ষা স্হগিত করে দিলাম।###

গাংনীতে ঈদের আমেজে ক্লান্তিহীন কেনা কাটা

মেহেরপুরের গাংনীর নওয়াপাড়া গ্রামের গৃহবধু মৌসুমি খাতুন এসেছেন ঈদের পোশাক কেনাকাটা করতে। সাথে ননদ ও দু কন্যা, ননদ রুবিনা আর দেবর লালনকে নিয়ে। সকালে এসেছেন। দুপুর পর্যন্ত সবার জন্য পোশাক কিনেছেন। এখন ওই পোশাকের সাথে মিলিয়ে কিনবেন লীপস্টিক। ভীড় জমিয়েছেন প্রসাধনীর দোকানে। শুধু মৌসুমী নয় তার মতো অনেকেই স্বপরিবারে যুক্ত হয়েছেন ক্লান্তিহীন কেনা কাটায়। ভিড়, আর ধাক্কাধাক্কি সবকিছু ছাপিয়ে বাড়ি ফেরার পথে সবার হাতেই ছিল একের অধিক ব্যাগ। বিভিন্ন বিপণি বিতানগুলোও যেন রয়েছে ক্রেতার দখলে।

বিভিন্ন মার্কেট ও শপিং মলে গিয়ে দেখা গেছে, ঘর্মাক্ত দেহ নিয়ে পছন্দের অনুসঙ্গ কেনার জন্য ছুটছেন এ দোকান থেকে ও দোকানে। বিভিন্ন রং আর ডিজাইনের কাপড় দেখে পছন্দ করার পর চলে দর কষাকষি। অবশেষে পছন্দের পোশাক কিনতে পেরে বেজায় খুশি ক্রেতা আর বিক্রেতা পোশাকটি বিক্রি করতে পেরে বেজায় লাভের মুখ দেখায় তার মুখেও মৃদু হাঁসি। এভাবে মায়ের হাত ধরে মেয়ে স্বামীর হাত ধরে স্ত্রী আর প্রেমিকের হাত ধরে প্রেমিকা ছুটছেন এক মার্কেট থেকে অন্য মার্কেটে।

বাংলা ও বাঙ্গালীয়ানায় নারীর ঐতিহ্যবাহী অনুসঙ্গ শাড়ী। শাড়ী ছাড়া বাঙ্গালী নারীর কোন অনুষ্ঠানই যেন বেমানান। সেই শাড়ীর সাথে রয়েছে নারীদের নাড়ীর টান বাঙ্গালীয়ানা। সেই টানেই তারা ছুটে চলেছেন এক দোকান থেকে অন্য দোকানে শাড়ী কিনতে। দোকানে পাওয়া যাচ্ছে ঐতিহ্যবাহী কাতান, বালিচুরি, রাজশাহী সিল্ক। পাবনার তাঁতের শাড়ি যেমন নারীদের মন কাড়ছে তেমনি টাঙ্গাইলের গ্রামীণ চেকও নারীদের মন মাতিয়ে তুলেছে। তবে তুলনা মূলকভাবে শাড়ীর দাম নাগালের মধ্যে।

মার্কেটে অনুসঙ্গসহ ভিন্ন ভিন্ন জিনিষের মুল্য একটু চড়া বলে দাবী করলেও দোকানীরা বলেছেন অন্য কথা। তারা বলছেন, ক্রেতাদেরকে প্রথমে একটু দাম বাড়িয়ে বলা হয়। পরে দামা দামি করে সহনীয় পর্যায়ে আসে। ক্রেতা সাধারণকে মালামাল না দিয়ে তাদের লাভ কোথায় ? লাভ না হলেও আসল তো উঠবে। এদিকে ক্রেতা সাধারণ জানালেন, গেল বছরের রং ও ডিজাইনের পোশাকের লেবেল লাগিয়ে নতুন বলে চালানোর চেষ্টা করছেন।

দামও হাঁকছেন তেমন। সব নাগালের বাইরে। তার পরও পরিবারের লোকজনের বায়নার কারণে কিনতে হচ্ছে অনুসঙ্গ। তবে বাজারে ভারতীয় কোন নায়িকা বা মডেলের নামে পোশাক নেই। মহামারী করোনার কারণে ভারতীয় পোশাক আমদানী করা যায়নি বলে মন্তব্য করেছেন অনেক দোকানী।

ফুটপাথের মার্কেটও বেশ জমেছে। অভিজাত্য বিপনীর যাবার যাদের সামর্থ নেই তাদের ভরসা ফুটপাথ। বড়বড় শপিং মলে যে সকল অনুসঙ্গ রয়েছে, দেখতে একই রকম অনুসঙ্গ রয়েছে ফুটপাথে। শুধু কোয়ালিটি একটু আলাদা। গাংনী, রায়পুর, জোড়পুকুর ও বামন্দি বাজারের ফুটপাথে সেই চেনা চিত্র। কি নেই এখানে? নিম্ন ও মধ্য বিত্তদেরকে ঈদের আনন্দ দেয়ার জন্য স্বল্প দামে হরেক রকম ডিজাইনের অনুসঙ্গ আমদানী করেছে ফুটপাথের দোকানীরা। ৩০০ টাকা থেকে শুরু করে ৫০০ টাকার মধ্যে পাওয়া যাচ্ছে শাড়ী। বাচ্চাদের পোশাক ২০০ টাকা থেকে ৪০০ টাকার মধ্যে। ফুটপাথের ব্যবসায়িরা জানালেন, বেচা বিক্রি বেশ ভাল। এখানে যেসব পোশাক প্রসাধনী পাওয়া যায় তা একেবারই কোয়ালিটি সম্পন্ন না তা ঠিক না। ফুটপাথ হলো গরীব ও মধ্যবিত্তদের শেষ ভরসা।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, কোন ছিন্তাই রাহাজানি কিংবা ইভটিজিংয়ের মতো কোন ঘটনা না ঘটে সেজন্য পুলিশ টহলের ব্যবস্থা রয়েছে। এখনও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ জানান, বাজার মনিটরিং করা হচ্ছে। ক্রেতারা যাতে না ঠকে সেজন্য প্রশাসন সব সময় মার্কেটগুলেঅ নজরদারীতে রেখেছে। তার পরও কারো কোন অভিযোগ থাকলে সেটি জানালে তাৎক্ষনিক আইনী ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে এক গৃহবধুর আত্মহত্যা

মেহেরপুর সদর উপজেলার রামদাসপুর এলাকায় শিল্পী খাতুন নামের (৩০) এক গৃহবধু গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে।
বৃহস্পতিবার ভোরে শিল্পী খাতুন তার বাবার বাড়িতে নিজ কক্ষে গলায়

ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে। শিল্পী খাতুন দুই সন্তানের জননী এবং রামদাসপুর পশ্চিম পাড়ার শরিফুল ইসলামের মেয়ে।

স্থানীয় সূত্রে জানা গেছে, স্বামীর সাথে বিচ্ছেদের কারণে গত ১ বছর যাবত ধরে শিল্পী তার বাবার বাড়িতে বসবাস করে আসছে। আবার কয়েক বছর আগে শিল্পীর একটি ছেলে পানিতে ডুবে মারা যায়। একদিকে ছেলের শোক অন্যদিকে স্বামীর সাথে বিচ্ছেদ। সব মিলিয়ে শিল্পী সব সময় বিষণ্নতায় ভুগতেন। বিষন্নতা থেকে বাঁচতেই আত্মহত্যা করেছে বলে ধারণা করছে পরিবারের লোকজন ও এলাকাবাসী।

আমঝুপিতে সপ্তাহ ব্যাপি ঈদ বস্ত্র বিতরণের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা আমঝুপিতে কালার স্টাইল বাংলাদেশ লিমিটেড এর সৌজন্যে ব্যাবস্থাপনা পরিচালক প্রকৌশলী জিয়াউর রহমান মুকুলের প্রষ্ঠপোষকতায় ঈদ বস্ত্র বিতরণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার হতে সপ্তাহ ব্যাপী ৩০০০জনগরীব,অসহায় ও দুস্থ পরিবারের মাঝে ঈদ বস্ত্র বিতরনের প্রথম দিনের শুভউদ্ভোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ছিলেন আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহমেদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাইদুর রহমান, মতিউল আশরাফ, সহিদুল ইসলাম, মহাবুল হক।

অনুষ্ঠানে সহায়তায় ছিলেন মুন্জুরুল আশরাফ, আবুল কালাম আজাদ, শাহীন, তৌশিক, আজিমুল হক লাভলু, রাব্বী হাচান, মিকাঈল। অনুষ্ঠানের সার্বিক তত্বাবধায়নে ছিলেন জহুরুল ইসলাম খান।

দর্শনায় মাদকসহ ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১ কেজি গাঁজা সহ তরিকুল (২৪) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের আবু বক্করের ছেলে।

তাকে দর্শনা-মুজিবনগর সড়কের দর্শনা থানাধীন রামনগর তিন রাস্তার মোড় বক চত্বর সংলগ্ন জনৈক খালিদ আব্দুল্লাহর ফার্মেসী দোকানের সামনে পাকা রাস্তার উপর হতে মাদক বিরোধ অভিযান পরিচালনা করে ১ কেজি সহ গ্রেফতার করেন।

পুলিশ জানায়, গতকাল বুধবার দুপুর পৌনে ২টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহব্বুর রহমান কাজলের নেতৃত্বে থানার এসআই শরিফুল ইসলাম, এএসআই আনোয়ারুল হক সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা-মুজিবনগর সড়কের দর্শনা থানাধীন রামনগর তিন রাস্তার মোড় বক চত্বরে পাঁকা রাস্তার উপর।

এসময় ঘটনা স্থলের সংলগ্ন জনৈক খালিদ আব্দুল্লাহর ফার্মেসী দোকানের সামনে পাকা রাস্তার উপর হতে একট পাখি ভ্যানের গতিরোধ করে তল্লাসী চালিয়ে ১ কেজি ভারতীয় গাঁজা উদ্ধার সহ তরিকুল ইসলাম
(৩২) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন। এসময় গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীর দখল থেকে পাখিভ্যানটি জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদক আইনে মামলা দায়ের পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করেছে দর্শনা থানা পুলিশ।